

তারিখ: ১১ জুন, ২০২২

স্মারক নং: রিহ্যাব/প্রঃডেভে:০০৭/সকল সদস্য/২০২২/১১৬৪০

বরাবর

সম্মানিত সকল সদস্য

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

বিষয়: নির্মাণাধীন প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানিতে এডিস মশা নিধনে করণীয় ও দিক নির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

গত ০৪ জুন, ২০২২ তারিখে রিহ্যাব সচিবালয়ে উল্লেখিত বিষয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় এডিস মশার বিস্তার প্রতিরোধ বিষয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ও কীটতত্ত্ববিদ “ড. কবিরুল্লাহ বাশার” নির্মাণাধীন প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানিতে এডিস মশা নিধনে সতর্কতা ও দিক-নির্দেশনা দিয়েছে। নিম্নলিখিত বিষয়সমূহ ভবন নির্মাণ প্রকল্পে জমে থাকা পানিতে এডিস মশার বংশ বিস্তার রোধে করণীয় বিষয়গুলো হচ্ছে:

১. নির্মাণাধীন ভবনের লিফট কোর: নির্মাণাধীন ভবনের লিফট কোর এর খালি জায়গায় যেন পানি জমতে না পারে সেজন্য লিফট লাগানোর আগ পর্যন্ত বালি দিয়ে স্থানটি ভরাট করে রাখা আবশ্যিক।
২. বেজমেন্ট: নির্মাণাধীন ভবনে কোন প্রকার পানি জমতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। এক্ষেত্রে ৭ দিন অন্তর-অন্তর ব্লিচিং পাউডার/লবন/মসকিটন ট্যাবলেট ব্যবহার করতে হবে।
৩. চৌবাচ্চা: চৌবাচ্চাসহ কনস্ট্রাকশন সাইটের চারিপার্শ্ব পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। বিশেষ করে যেন কোন প্রকার পানি জমতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং এডিস মশার বংশ বিস্তার রোধে ৭ দিন অন্তর-অন্তর ব্লিচিং পাউডার/লবন/মসকিটন ট্যাবলেট ব্যবহার করতে হবে।
৪. নর্দমা ও আশে-পাশের পানি জমার স্থান: নর্দমা ও আশে পাশের পানি জমার স্থানটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এডিস মশার বংশ বিস্তার রোধে ৭ দিন অন্তর-অন্তর ব্লিচিং পাউডার/লবন/মসকিটন ট্যাবলেট ব্যবহার করতে হবে।
৫. এছাড়াও প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানি প্রতি ৩ (তিন) দিন পরপর ফেলে দিতে হবে বা পরিবর্তন করতে হবে।

সিটি কর্পোরেশনের বিজ্ঞপ্তি ও রিহ্যাবের দিক নির্দেশনা অনুসারে সকল রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানকে নতুন ভবন নির্মাণ ও পরিকল্পনার ক্ষেত্রে এডিস মশা নিধনে আবশ্যিকভাবে প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত একজন কর্মকর্তাকে জবাবদিহিতার আওতায় আনতে হবে। অন্যথায় আপনার প্রতিষ্ঠান শুধু জরিমানার সম্মুখীন হবে না, একই সাথে যা আপনার প্রতিষ্ঠানের ভাবমূর্তি ও সুনাম নষ্ট করবে।

এমতাবস্থায়, নির্মাণাধীন প্রকল্পের অভ্যন্তরে ও চারিপার্শ্বে জমে থাকা পানিতে এডিস মশা নিধনে উল্লেখিত নির্দেশনা অনুসরণ করার জন্য বিশেষভাবে ভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে-

আলমগীর শামসুল আলামিন (কাজল)

প্রেসিডেন্ট

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

এডিস মশা নিধনে করণীয় ও দিক নির্দেশনা সংক্রান্ত প্রয়োজনীয় লিংক নিম্নে প্রদান করা হলো :-

[http://www.rehab-bd.org/mis/attachment/upload/290\\_dynamic\\_notice\\_upd\\_0.pdf](http://www.rehab-bd.org/mis/attachment/upload/290_dynamic_notice_upd_0.pdf)

<https://www.youtube.com/watch?v=r62GWKdMZ0g>



**REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH**

Head Office : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. Tel : (+88-02) 9614606, 9614607, 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org  
Chattogram Regional Office : SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram  
E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, Tel : 02334451441, 02334453884, 02334453885